

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইঙ্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গম্পরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিয়োক্ত সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০ থেকে:

সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	উড়াল ও পাতাল
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২১.২৬ কিলোমিটার দীর্ঘ প্রায় ৩৩,৪৭২ কোটি টাকা প্রাকলিত ব্যয়ে উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি ৮৩.১৩%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯৪.২২%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিবিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৮৪.৩৪%। ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমষ্টি অগ্রগতি ৮৩.৮১%। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিবিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত Detailed Design পর্যন্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এই অংশের পরিষেবা যাচাই এর কাজ শুরু করা হয়েছে।

প্যাকেজিভিডিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ শে সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত প্যাকেজিভিডিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাধারণ হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে সম্পূর্ণ ভায়াডাক্ট এবং স্টেশনসমূহের Roof Sheet পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। ০৬টি স্টেশনের Entry-Exit নির্মাণ কাজ শেষ হয়েছে এবং ০৩টি স্টেশনের Entry-Exit নির্মাণ কাজ চলমান আছে। ০৯টি স্টেশনের প্ল্যাটফর্ম ও কনকর্সে লাইট স্থাপন করা হয়েছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ০৯টি স্টেশনের Mechanical, Electrical and Plumbing (MEP), Architectural, Fire Fighting System, Diesel Generator, Sewerage Treatment Plant (STP) স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজ দুটির সমষ্টিত বাস্তব অগ্রগতি ৯৬.০৫%।
- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল মেট্রোরেল স্টেশনসমূহের Entry-Exit, Steel Roof Structure স্থাপন, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৮.৭২%। উত্তরা ডিপো এলাকায় নির্মিত Metro Rail Exhibition & Information Center গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক উদ্বোধন করা হয়। দর্শণার্থীগণ নিয়মিত Metro Rail Exhibition & Information Center পরিদর্শন করছেন।
- **প্যাকেজ-০৬ (কোরওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল মেট্রোরেল স্টেশনসমূহের Entry-Exit, Steel Roof Structure স্থাপন, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। শাহবাগ ও ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে এবং বাংলাদেশ সচিবালয় স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ চলমান রয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৯.৮৩%।
- **প্যাকেজ-০৭ (ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৯.২৩%।

উত্তরা ডিপো: ডিপো এলাকায় ১৭টি লিফটের ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে।

উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ: ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন (২৫.২৩ ট্র্যাক-কিলোমিটার) স্থাপন সম্পন্ন হয়েছে। Overhead Catenary System (৩১.১৩ কিলোমিটার) স্থাপন করে চালু করা হয়েছে। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত সিগনালিং সিস্টেমের ইকুইপমেন্ট স্থাপন করে টেস্টিং চলছে। ইতোমধ্যে Automatic Train Protection (ATP), Automatic Train Operation (ATO), ট্রেনের ডাইনামিক টেস্টিং এবং সিগনালিং-পিএসডি ইন্টারফেস টেস্টিং সম্পন্ন হয়েছে। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত প্রথম ০৯ টি স্টেশনে ৩৬টি লিফট এর মধ্যে ২৫ টির ইন্সটলেশন ও মেকানিক্যাল কাজ সম্পন্ন হয়েছে। এই অংশের ৫৪টি এক্সালেটেরের মধ্যে ৪৮টির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।

আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ: মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ সম্পন্ন করে যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ১৩২ কেভি ক্যাবল লেইং-এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে (১৬.১৯ ট্র্যাক-কিলোমিটার) রেল লাইন ও OCS Portal স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ১৯.৮৯ কিলোমিটার OCS ওয়্যারিং এর মধ্যে ১০.২৯ কিলোমিটারের ওয়্যারিং সম্পন্ন হয়েছে। এই অংশের ৫৬টি এক্সালেটেরের মধ্যে ৩২টি এক্সালেটের স্থাপন সম্পন্ন হয়েছে।

- **প্যাকেজ-০৮ [রেলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ১৭টি ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌছেছে। এই মেট্রো ট্রেনগুলোর প্রয়োজনীয় কারিগরি পরীক্ষা ও Functional Test এবং Performance Test চলছে। গত ২৯ নভেম্বর ২০২১ তারিখ থেকে মিরপুর-১০ মেট্রো স্টেশন পর্যন্ত এবং গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে আগারগাঁও পর্যন্ত Performance Test করা হয়েছে। গত ০১লা সেপ্টেম্বর ২০২২ তারিখ System Integration Test শুরু হয়েছে। ১৮তম ও ১৯তম ট্রেন সেট জাপানের কোবে সমুদ্র বন্দর হতে ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ জাহাজ যোগে বাংলাদেশের

উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে এবং বাংলাদেশে পৌছানোর সম্ভাব্য সময় নভেম্বর ২০২২ মাসের ১ম সপ্তাহ। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৮৩.৩২%।

- **প্যাকেজ-০৯ (Enterprise Resource Management System):** Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত প্রণীত দরপত্র দলিল গত ২৭ জুনাই ২০২২ তারিখ JICA'র Concurrence এর জন্য প্রেরণ করা হলে গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ JICA হতে দরপত্র দলিলের বিষয়ে কিছু পর্যবেক্ষণ প্রদান করা হয়েছে। পর্যবেক্ষণের নিরিখে চূড়ান্ত দলিল প্রস্তুতের কার্যক্রম চলমান।